

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৪৯টি প্রতিষ্ঠানকে ১.৬১ লক্ষ টাকা জরিমানা

৯ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, ময়মনসিংহ, চাঁদপুর, খুলনা, রংপুর, নওগাঁ ও পঞ্চগড়ে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর খিলগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে বৈশাখী রেস্টুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কিছুক্ষণ ফাস্টফুডকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ওজনে কারচুপির অপরাধে কিংচিটি ফাস্টফুডকে ৪,০০০/- (চার হাজার) টাকা এবং সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরের যাত্রাবাড়ী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সরলা বেকারী এন্ড কনফেকশনারীকে ৮,০০০/- (আট হাজার) টাকাসহ মোট ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর পল্টন এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সিলেট হোটেল এন্ড রেস্টুরেন্টকে ও বিসমিল্লাহ রেস্টুরেন্টকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে আগোরা সুপার সপকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ওজনে কারচুপির অপরাধে রুমান ব্রয়লার হাসজকে ১,০০০/- (এক হাজার) টাকা এবং পণ্যে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে আরও ৩টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৪৬,০০০/- (ছিচল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রে প্রাপ্ত অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Red Chicken, Food Book ও চাপ সামলাও রেস্টুরেন্টকে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাজীর আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর এলাকায় ৬টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবশীষ রায় এর নেতৃত্বে চাঁদপুরের মতলব উত্তর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনার খালিশপুর থানা এলাকায় ৩টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে নওগাঁর সাপাহার উপজেলায় ১০টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড়ের সদর উপজেলায় ১১টি প্রতিষ্ঠানকে ১৮,৫০০/- (আটত্রিশ হাজার পাঁচশত) টাকাসহ মোট ৬৮,৫০০/- (আটষট্টি হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি এবং ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১০টি বাজার তদারকিতে ৪৯টি প্রতিষ্ঠানকে মোট ১,৬১,৫০০/- (এক লক্ষ একষট্টি হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানার টাকা হতে ৩ জন অভিযোগকারীকে মং ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, র্যাব, ক্যাব, স্যানিটারী ইন্সপেক্টর, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি ও সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও রংপুর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, ময়মনসিংহ, চাঁদপুর, খুলনা, রংপুর, নওগাঁ ও পঞ্চগড়।
- ৭। পুলিশ সুপার, ঢাকা মহানগর, ময়মনসিংহ, চাঁদপুর, খুলনা, রংপুর, নওগাঁ ও পঞ্চগড়।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।